

পরিপত্র

বিষয় : গৃহবাবদ মঞ্জুরী (টাকা) বরাদ্দ/বন্টনের নীতিমালা।

কালবৈশাখী, ঘূর্ণিঝড়, অগ্নিকাণ্ড, বন্যা, ভূমিকম্প, নদীভাঙ্গন ইত্যাদি বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্তদের তাৎক্ষণিক সাহায্য হিসেবে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অর্থ বছরের বাজেট দুই বা ততোধিক কিস্তিতে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের অনুকূলে ছাড় করবে। জেলা প্রশাসকগণ উক্ত খোক বরাদ্দ থেকে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্তদের তাৎক্ষণিক সাহায্য হিসেবে বরাদ্দকৃত গৃহবাবদ মঞ্জুরী (টাকা) নিম্নলিখিত নীতিমালা সমূহ অনুসরণপূর্বক বরাদ্দ করবেন :-

১। কালবৈশাখী/ঘূর্ণিঝড়/অগ্নিকাণ্ড/বন্যা/নদীভাঙ্গন/জলোচ্ছ্বাস/ভূমিকম্প/বজ্রপাতে ঘর-বাড়ী ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিগ্রস্ত পরিবারকে পরিবার প্রতি বিশেষ বিবেচনায় তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক (ক) সর্বোচ্চ ৬ ৩,০০০/- (তিন হাজার) টাকা বরাদ্দ করা যাবে।

২। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান, যেমন-স্কুল/কলেজ/ মাদ্রাসা/এতিমখানা/মসজিদ/মন্দির/পাঠাগার ইত্যাদির জন্য এককালীন খোক বরাদ্দ থেকে কোন অর্থ বরাদ্দ করা যাবে না। তবে, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের চাহিদা মোতাবেক তা' যাচাই-বাছাইপূর্বক প্রতিষ্ঠান প্রতি সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা নিম্নোক্ত পদ্ধতিতে গৃহবাবদ মঞ্জুরী (টাকা) বরাদ্দ করা যাবে:-

- (ক) দরখাস্তটি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সুপারিশকৃত হতে হবে ;
- (খ) মন্ত্রণালয় হতে প্রাপ্ত বরাদ্দকৃত গৃহবাবদ মঞ্জুরী (টাকা) মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর সরাসরি সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর খোক বরাদ্দ হিসেবে বরাদ্দ দেবেন। জেলা প্রশাসক সংশ্লিষ্ট জেলার মধ্যে উপরোক্ত নীতিমালা অনুসরণ করে প্রকৃত দুঃস্থদের/আবেদন- কারীদের মধ্যে গৃহবাবদ মঞ্জুরী টাকা বিতরণ করে মহাপরিচালককে অবহিত করবেন। বরাদ্দকৃত গৃহবাবদ মঞ্জুরীর টাকা যথাযথ ব্যবহার হচ্ছে কিনা তা' মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করবেন। জেলা প্রশাসক বরাবরে ন্যাস্তকৃত গৃহবাবদ মঞ্জুরীর টাকার যে কোন অপচয়, অনিয়ম, রোধে সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলা প্রশাসক ও মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন।
- (গ) প্রত্যেক বিভাগীয় কমিশনার তার অধীনস্থ জেলাসমূহে গৃহবাবদ মঞ্জুরী (টাকা) বিতরণ সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত তদারকী কর্তৃপক্ষ (Supervisory Authority) হিসেবে দায়িত্ব পালন করবেন।
- (ঘ) মন্ত্রণালয়কে অবগত রেখে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর কোন বিশেষ প্রয়োজনে প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি কারণে কোন জেলার অনুকূলে বরাদ্দকৃত গৃহবাবদ মঞ্জুরী (টাকা) জেলা হতে প্রত্যাহার করে বন্যা, ঘূর্ণিঝড়, প্রাকৃতিক দুর্যোগ কবলিত জেলার অনুকূলে পুনঃ বরাদ্দ দিতে পারবেন।

৩। গৃহবাবদ মঞ্জুরী (টাকা) বরাদ্দের পূর্বে সংশ্লিষ্ট জেলা প্রশাসক দরখাস্তের তথ্য-উপাত্তের যথার্থতা যাচাই করবেন। ভুল তথ্য পরিবেশনের কারণে বরাদ্দের পরও জেলা প্রশাসক সংশ্লিষ্টদের অবহিত রেখে বরাদ্দ বাতিল করবেন।

৪। জেলা প্রশাসকের অনুকূলে খোক বরাদ্দকৃত গৃহবাবদ মঞ্জুরী (টাকা) নিঃশেষ হয়ে গেলে তা পুনর্ভরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক অধিদপ্তরকে অনুরোধ জানাবে। অধিদপ্তর চাহিদার যথার্থতা/গুরুত্ব/পূর্বে খরচের সঠিকতা ইত্যাদিসহ মজুদ বিবেচনায় খোক বরাদ্দ প্রদান করবে।

৫। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর হতে জেলা প্রশাসকগণের নিকট সরকারী মঞ্জুরী আদেশ জারী করবেন এবং হিসাব সংরক্ষণ করবেন। মঞ্জুরী আদেশের একটি কপি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৬। অব্যয়িত গৃহবাবদ মঞ্জুরী (টাকা) ৩০শে জুনের অব্যবহিত পরেই যথানিয়মে সরকারী কোষাগারে জমা/সমর্পণ করতে হবে। কোন অবস্থাতেই এক অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ পরবর্তী অর্থ বছরে ব্যয় করা যাবে না।

৭। আবেদনপত্রসমূহে উপস্থাপিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে আবেদনকারীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। এই পরিপত্র জারীর প্রেক্ষিতে সাবেক দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ইতোপূর্বে জারীকৃত পরিপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
০৭/০৫/২০০৭
(মোহছেনা ফেরদৌসী)
যুগ্ম-সচিব(দুঃব্যঃ)।

বিতরণ : অবগতি ও কার্যার্থে :

- ১। মন্ত্রিপরিষদ সচিব/প্রধান উপদেষ্টার মূখ্য সচিব।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)
- ৪। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।
- ৭। মাননীয় মেয়র এর একান্ত সচিব, (সকল)।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।
- ৯। চেয়ারম্যান, পৌরসভা, (সকল)।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)।
- ১২। যুগ্ম-সচিব(দুঃব্য)/উপ-সচিব (ত্রাক-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।

স্বাক্ষরিত/-

(মোঃ আমির হোসেন)

সিনিয়র সহকারী সচিব (ত্রাক-৩)